# হামলার শিকার এমপি বললেন, সরকারদলীয় হয়েও নিরাপদ নই



ছবি: সংগৃহীত

সিরাজগঞ্জ-৩ (রায়গঞ্জ-তাড়াশ) আসনের সংসদ সদস্য মো. আয়নুল হককে লক্ষ্য করে হামলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় তিনি শারীরিকভাবে আহত না হলেও তার ব্যবহৃত গাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। ঘটনার পর গাড়িতে বসেই এক ভিডিও বার্তায় নিজের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন তিনি।

শনিবার (১৫ আগস্ট) বিকেলে রায়গঞ্জের ধানগড়া বাজারে একটি মতবিনিময় সভা চলাকালে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্র জানায়, সভাস্থলে এমপিকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করা হলে তিনি দ্রুত গাড়িতে উঠে ঘটনাস্থল ত্যাগ করেন।

পরে দেওয়া ভিডিও বার্তায় আয়নুল হক বলেন, সরকারদলীয় সংসদ সদস্য হওয়ার পরও তার জানমালের নিরাপত্তা নিয়ে তিনি শঙ্কিত। জনগণের স্বার্থে কাজ করার কথা উল্লেখ করে তিনি দাবি করেন, এনসিপি ও জামায়াত-শিবিরের নেতাকর্মীরা অস্ত্র নিয়ে তাকে হত্যার উদ্দেশ্যে হামলা চালিয়েছে।

এ ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত শনাক্ত করে গ্রেপ্তারের দাবি জানান তিনি।

LENS ASIA

হামলার খবর ছড়িয়ে পড়ার পর রায়গঞ্জের বিভিন্ন এলাকায় উত্তেজনা দেখা দেয়। স্থানীয় সূত্রের দাবি, পরে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা কয়েকটি এলাকায় প্রতিবাদ মিছিল বের করেন।

সিরাজগঞ্জ জেলা বিএনপির সহপ্রচার সম্পাদক ও ধানগড়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রেজাউল করিম খান জানান, ধানগড়া বাজারে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের বিষয়ে একটি জরুরি মতবিনিময় সভার আয়োজন করা হয়েছিল। ওই সভাস্থলেই হামলার ঘটনা ঘটে।

সিরাজগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার (রায়গঞ্জ সার্কেল) সাইফুল ইসলাম খান জানান, হামলার ঘটনায় সংসদ সদস্য নিজে আহত হননি। তবে তার গাড়ির কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। বিষয়টি পুলিশ তদন্ত করছে। তদন্তের পর ঘটনার বিস্তারিত জানা যাবে।